

উপজেলা রিসোর্স সেন্টার
নান্দাইল, ময়মনসিংহ।

জাতীয় শুদ্ধাচার কৌশল ও নৈতিকতা কার্যক্রম বাস্তবায়ন সংক্রান্ত
ত্রৈমাসিক প্রতিবেদন

(জুলাই/২০২২ - সেপ্টেম্বর/২০২২)


সুখী-সমৃদ্ধশালী সোনার বাংলা গড়ে তোলার জন্য মন্ত্রিপরিষদ বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক কার্তিক ১৪১৯/অক্টোবর ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল (National Integrity Strategy of Bangladesh) বাস্তবায়নের কার্যক্রম গৃহীত হয়।

ব্যক্তি-সমাজ-পরিবার-রাষ্ট্র সর্বত্র আমাদের দৈনন্দিন কাজ ও দায়িত্ব সম্পাদনে শুদ্ধাচার অনুসরণ করার প্রয়োজনীয়তা রয়েছে। কেবল শুদ্ধাচার নীতি ও কৌশল প্রয়োগের মাধ্যমে আমরা দুর্নীতিমুক্ত ও উন্নত জাতিতে পরিণত হতে পারব।

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্তে অত্র কার্যালয় কর্তৃক জুলাই/২০২২-সেপ্টেম্বর/২০২২ মাসে নিম্নলিখিত কার্যক্রমসমূহ গৃহীত হয়:

- বিদ্যালয় পরিদর্শনকালে জাতীয় শুদ্ধাচার কৌশল নিয়ে শিক্ষকদের সাথে আলোচনা এবং দৈনিক সমাবেশে শিক্ষার্থীদের সাথে শুদ্ধাচার নিয়ে আলোচনা করার জন্য পরামর্শ প্রদান করা হয়।
- প্রতিটি ক্লাসে শিখন-শেখানো কার্যাবলী পরিচালনার পূর্বে শিক্ষার্থীদের সাথে অল্প কিছু সময় শিষ্টাচার ও নৈতিকতা বিষয়ে আলোচনা করার জন্য পরামর্শ প্রদান করা হয়।
- বিভিন্ন প্রশিক্ষণ ও সভায় সুখী-সমৃদ্ধশালী সোনার বাংলা গড়ে তোলার জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের গুরুত্ব তোলে ধরা হয়।
- বিদ্যালয় পরিদর্শন কালে যথাযথ নিয়মে জাতীয় সংগীত পরিবেশন ও শপথ বাক্য পাঠ নিশ্চিত করার জন্য জোর তাগিদ দেয়া হয়।
- অফিসের সকল কর্মকর্তা ও কর্মচারীদের সাথে জাতীয় শুদ্ধাচার কৌশল নিয়ে নিয়মিত আলোচনা করা হয়।
- চতুর্দশ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সকল শিক্ষকদের সাথে শুদ্ধাচার ও নৈতিকতা কৌশল বাস্তবায়ন শেয়ারিং করা এবং দৈনিক সমাবেশে শুদ্ধাচার ও নৈতিকতা নিয়ে আলোচনা করা হয়।

জীবনের প্রতিটি ক্ষেত্রেই এর সফল এবং সমন্বিত উদ্যোগ প্রয়োজন। যেহেতু আমরা শিক্ষা তথা প্রাথমিক শিক্ষা ক্ষেত্রে দায়িত্ব পালনের মাধ্যমে দেশ ও দেশের মানুষের সেবায় নিয়োজিত, সেহেতু আমাদের উচিত কর্মক্ষেত্রে সঠিকভাবে দায়িত্ব ও কর্তব্য পালন করা। তাহলেই সুখী-সমৃদ্ধশালী সোনার বাংলা গড়ে তোলা সম্ভব।


(এ এইচ এম শরীফুল্লাহ)
ইন্সট্রাক্টর
উপজেলা রিসোর্স সেন্টার
নান্দাইল, ময়মনসিংহ